



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2022

গভর্নর ক্যাথি হোকল

মেজর লীগ বেসবল মরসুমের বিষয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"মেজর লীগ বেসবল এবং তার সাথে সম্পর্কিত অর্থনৈতিক প্রভাব নিয় ইয়র্ক স্টেটের জন্য এবং আমাদের মহামারী থেকে পুনরুদ্ধারের জন্য গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক এই লীগের বাসস্থল শুধু নয়, বরং ব্রক্স ও কুইন্স সহ হাজার হাজার নিউ ইয়র্কবাসীদেরও বাসস্থল, যাদের জীবিকা আমাদের স্টেডিয়ামগুলিতে অনুষ্ঠিত হওয়ার জন্য নির্ধারিত খেলাগুলির উপর নির্ভরশীল।

একটি সাধারণ উদ্দেশ্যে যখন আমেরিকাবাসীরা একত্রিত হন, তখন তার চেয়ে বেশি শক্তিশালী আর কিছু হয় না। গণতন্ত্র এবং রাশিয়ার ঘৃণ্য আক্রমণের বিরুদ্ধে ইউক্রেনের মানুষদের স্বাধীনতার জন্য সংগ্রাম প্রতি সমর্থনে আমাদের দেশ যেভাবে একত্রিত হয়েছে তা দেখে আমি আশান্বিত। আমি জানি যে বেসবলও আমাদের দেশের এক একত্রীকরণের শক্তি, এবং আশা, দলবদ্ধ কাজ এবং আমেরিকাবাসীদের মূল্যবোধের একটি প্রতীক। যখন আমরা এই মহামারীর কবল থেকে নিজেদের পুনরুদ্ধার করা চালিয়ে যাচ্ছি এবং গত দুই বছরের যন্ত্রনা এবং কষ্ট থেকে আমাদের সম্প্রদায়গুলিকে পুনরুদ্ধার লাভ করতে সাহায্য করছি, তখন নিউ ইয়র্কবাসীদের এবং সকল আমেরিকাবাসীদের সেই আনন্দ এবং আশা প্রাপ্য যা বেসবল আমাদের জন্য প্রত্যেক বসন্তে নিয়ে আসে। আমি সম্প্রতি জড়িত পক্ষগুলির সাথে কথা বলেছি এবং তাদের সমাধান নিয়ে মধ্যস্থতা করতে এবং মরসুম শুরু করার জন্য কাজ করতে অনুরোধ করেছি। প্লে বল।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418